

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪৮১১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৭৭]
৩৪। প্রশাসন ও নেতৃত্ব (کتاب الإمارة)
পরিচ্ছেদঃ ৪১. শহীদের জন্য জান্নাত অবধারিত হওয়া

باب ثُبُوتِ الْجَنَّةِ لِلشَّهِيدِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ حَاتِمٍ، حَدَّثَنَا عَقَانُ، حَدَّثَنَا حَمَّادٌ، أَخْبِرَنَا ثَابِتٌ، عَنْ أَنسِ بْنِ مَالِك، قَالَ جَاءَ نَاسٌ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالُوا أَنِ ابْعَثْ مَعَنَا رِجَالاً يُعَلِّمُونَا الْقُرْآنَ وَالسُّنَّةَ . فَبَعَثَ إِلَيْهِمْ سَبْعِينَ رَجُلاً مِنَ الأَنْصَارِ يُقَالُ لَهُمُ الْقُرَّاءُ فِيهِمْ خَالِي حَرَامٌ يَقْرَءُونَ الْقُرْآنَ وَيَتَدَارَسُونَ بِاللَّيْلِ يَتَعَلَّمُونَ وَكَانُوا بِالنَّهَارِ يَجِيئُونَ بِالْمَاءِ حَرَامٌ يَقْرَءُونَ الْقُرْآنَ وَيَتَدَارَسُونَ بِاللَّيْلِ يَتَعَلَّمُونَ وَكَانُوا بِالنَّهَارِ يَجِيئُونَ بِالْمَاءِ فَيَضَعُونَهُ فِي الْمَسْجِدِ وَيَحْتَطِبُونَ فَيَبِيعُونَهُ وَيَشْتُرُونَ بِهِ الطَّعَامَ لأَهْلِ الصَّفَّةِ وَلِلْفُقَرَاءِ فَيَصْنَعُونَهُ فِي الْمَسْجِدِ وَيَحْتَطِبُونَ فَيَبِيعُونَهُ وَيَشْتُرُونَ بِهِ الطَّعَامَ لأَهْلِ الصَّفُّةِ وَلِلْفُقَرَاءِ فَيَصْنَعُونَهُ أَلَانًا عَنْكَ وَرَضِيتَ عَنَا أَنْ يَبْلُغُوا الْمَكَانَ . فَقَالُوا اللَّهُمَّ بَلِغْ عَنَّا نَبِيَّنَا أَنَّا قَدْ لَقِينَاكَ فَرَضِينَا عَنْكَ وَرَضِيتَ عَنَّا حَرَامٌ فُرْتُ وَرَبِّ الْكَعْبَةِ حَرَامًا خَالَ أَنْسٍ مِنْ خَلْفِهِ فَطَعَنَهُ بِرُمْحِ حَتَّى أَنْفَذَهُ . فَقَالَ حَرَامٌ فَرْتُ وَرَبِّ الْكَعْبَةِ مَرَامًا خَالَ أَنْسٍ مِنْ خَلْفِهِ فَطَعَنَهُ بِرُمْحِ حَتَّى أَنْفَذَهُ . فَقَالَ حَرَامٌ فَرْتُ وَرَبِّ الْكَعْبَةِ مَرَامًا خَالَ أَنْسٍ مِنْ خَلْفِهِ فَطَعَنَهُ بِرُمْحِ حَتَّى أَنْفَذَهُ . فَقَالَ حَرَامٌ فَرْتُ وَرَضَ وَرَامُ اللَّهُ عَنَّا نَبِيَّنَا أَنَّا قَدْ لَقِينَاكَ فَرَضِينَا عَنْكَ وَرَضِيتَ عَنَّا رَبُولَ وَإِنَّهُمْ قَالُوا وَإِنَّهُمْ قَالُوا وَالْمَا خَلَالًا لَنَا قَدْ لَقِينَاكَ فَرَضِينَا عَنْكَ وَرَضِيتَ عَنَّا ".

বাংলা

৪৮১১-(১৪৭/৬৭৭) মুহাম্মাদ ইবনু হাতিম (রহঃ) আনাস (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, কতিপয় লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বলল, আমাদের সঙ্গে এমন কিছু লোক দিন যারা আমাদেরকে কুরআন এবং সুন্নাহ্ শিক্ষা দেবেন। তখন তিনি আনসারদের সত্তর ব্যক্তিকে তাদের সাথে পাঠালেন। তাদেরকে কুররা (কারী সমাজ) বলা হতো। এদের মধ্যে আমার মামা হারামও ছিলেন। তারা কুরআন তিলওয়াত করতেন এবং রাত্রে এর অর্থ অনুধাবন ও শিক্ষায় নিমগ্ন থাকতেন, আর দিনের বেলায় জলাশয়ে গিয়ে পানি এনে মসজিদে রাখতেন এবং কাঠ সংগ্রহ করে তা বিক্রি করে বিক্রি লব্ধ অর্থে সুফফাবাসীগণ এবং নিঃস্ব ফকীরদের জন্যে আহার্য সামগ্রী ক্রয় করতেন। এদেরকেই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের সঙ্গে পাঠিয়েছিলেন। ওরা তাদের উপর আক্রমণ করলো এবং তারা গন্ত ব্যস্থলে পৌছার পূর্বেই তাদেরকে হত্যা করলো। তখন তারা



বললেন, হে আল্লাহ আমাদের পক্ষ থেকে আমাদের নবীর নিকট সংবাদ পৌছিয়ে দিন যে, আমরা আপনার সন্নিধানে পৌছে গিয়েছি এবং আপনার প্রতি সম্ভষ্ট রয়েছি। আর আপনিও আমাদের প্রতি সম্ভষ্ট রয়েছেন।

রাবী বলেন, এক লোক আনাস (রাযিঃ) এর মামা হারাম (রাযিঃ) এর পিছন দিক দিয়ে এসে বর্শা দিয়ে বিদ্ধ করে হত্যা (শহীদ) করে দিল। হারাম (রাযিঃ) বলে উঠলেন, কা'বার প্রভুর কসম! আমি সাফল্যমণ্ডিত হয়েছি। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সাহাবীগণকে লক্ষ্য করে বললেন, তোমাদের ভাইগণ নিহত হয়েছেন। আর (অন্তিম মুহূর্তে) তারা বলেছেন, হে আল্লাহু আমাদের নবীকে সংবাদ পৌছিয়ে দিন যে, আমরা আপনার সন্নিধানে পৌছে গেছি এ অবস্থায় যে, আমরা আপনার প্রতি সম্ভুষ্ট আর আপনিও আমাদের প্রতি সম্ভুষ্ট। (ইসলামিক ফাউন্ডেশন ৪৭৬৪, ইসলামিক সেন্টার ৪৭৬৫)

English

It has been reported on the authority of Anas b. Malik that some people came to the Messenger of Allah (ﷺ) and said to him:

Send with us some men who may teach us the Qur'an and the Sunnah. Accordingly, he sent seventy men from the Ansar. They were called the Reciters and among them was my maternal uncle. Haram. They used to recite the Qur'an, discuss and ponder over its meaning at night. In the day they brought water and poured it (in pitchers) in the mosque, collected wood and sold it, and with the sale proceeds bought food for the people of the Suffa and the needy. The Prophet (ﷺ) sent the Reciters with these people, but these (treacherous people) fell upon them and killed thern before they reached their destination (While dying), they said: O Allah, convey from us the news to our Prophet that we have met Thee (in a way) that we are pleased with Thee and Thou art pleased with us. (The narrator said): A man attacked Haram (maternal uncle of Anas)) from behind and smote him with a spear which pierced him. (While dying), Haram said: By the Lord of the Ka'ba, I have met with success. The Messenger of Allah (繼) said to his Companions: Your brethren have been slain grid they were saying: O Allah, convey from us to our Prophet the news that we have met Thee in a way that we are pleased with Thee and Thou art pleased with us.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবন মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন